

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬০

৩/ নিয়্যাত

পরিচ্ছেদঃ নিয়ত ও ইখলাস সম্পর্কিত হাদীসসমূহ

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُولَ الله عَلَيْ قَالَ قَالَ رَجُلُ لأَتَصَدَّقَنَّ بِصِدَقَةٍ فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ رَانِيَةٍ فَقَالَ : اَللَّهُمَّ لَكَ الْحَمْدُ فَوَضَعَهَا فِي يَدِ زَانِيَةٍ فَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ : تُصدد قَ عَلَى سَارِقٍ فَقَالَ : اَللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ فَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ : تُصدد اللَّيْلَةَ عَلَى زَانِيَةٍ فَقَالَ : اَللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ لأَتَصَدَّقَنَّ بِصِدَقَةٍ فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِي فَقَالَ : اَللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ لأَتَصَدَّقَنَّ بِصِدَقَةٍ فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِي وَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ : تُصدد قَ عَلَى غَنِي ؟ فَقَالَ : اَللّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ وَعَلَى زَانِيَةٍ وعلى غَنِي فَقِيلَ لَهُ : أَمَّا صَدَقَتُكَ عَلَى سَارِقٍ فَلَعَلَّهُ أَنْ يَعْتَبِرَ عَلَى سَارِقٍ وَعَلَى زَانِيَةٍ وعلى غَنِي فَقِيلَ لَهُ : أَمَّا صَدَقَتُكَ عَلَى سَارِقٍ فَلَعَلَّهُ أَنْ يَعْتَبِرَ عَلَى سَرِقَتِهِ وَأُمَّا الزَّانِيَةُ فَلَعَلَّهَا تَسْتَعِفُ عَن زِنَاهَا وَأَمَّا الغَنِيُّ فَلَعَلَّهُ أَنْ يَعْتَبِرَ يَسُرِقَتِهِ وَأُمَّا الذَّانِيَةُ فَلَعَلَّهَا تَسْتَعِفُ عَن زِنَاهَا وَأُمَّا الغَنِيُّ فَلَعَلَّهُ أَنْ يَعْتَبِرَ فَيُنْفِقَ مِمَّا أَعْطَاهُ اللهُ رواه البخاري بلفظه ومسلم بمعناه

বাংলা

(১৬০) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, একটি লোক বলল, (আজ রাতে) আমি অবশ্যই সাদকাহ করব। সুতরাং সে আপন সাদকার বস্তু নিয়ে বের হল এবং (অজান্তে) এক চোরের হাতে তা দিয়ে দিল। লোকে সকালে উঠে বলাবলি করতে লাগল যে, আজ রাতে এক চোরের হাতে সাদকা দেওয়া হয়েছে। সাদকাকারী বলল, হে আল্লাহ! তোমারই যাবতীয় প্রশংসা! (আজ রাতে) অবশ্যই আবার সাদকা করব। সুতরাং সে নিজ সাদকা নিয়ে বের হল এবং (অজান্তে) এক বেশ্যার হাতে তা দিয়ে দিল। সকাল বেলায় লোকে বলাবলি করতে লাগল যে, আজ রাতে এক বেশ্যাকে সাদকা দেওয়া হয়েছে। সে তা শুনে আবার বলল, হে আল্লাহ! তোমারই প্রশংসা যে, বেশ্যাকে সাদকা করা হল। আজ রাতে পুনরায় অবশ্যই সাদকাহ করব।

সুতরাং তার সাদকা নিয়ে বের হয়ে গেল এবং (অজান্তে) এক ধনী ব্যক্তির হাতে সাদকা দিল। সকাল বেলায় লোকেরা আবার বলাবলি করতে লাগল যে, আজ এক ধনী ব্যক্তিকে সাদকা দেওয়া হয়েছে। লোকটি শুনে বলল, হে আল্লাহ! তোমারই সমস্ত প্রসংশা যে, চোর, বেশ্যা তথা ধনী ব্যক্তিকে সাদকা করা হয়েছে। সুতরাং (নবী অথবা স্বপ্নযোগে) তাকে বলা হল যে, (তোমার সাদকা ব্যর্থ যায়িন; বরং) তোমার যে সাদকা চোরের হাতে পড়েছে তার



দরুন হয়তো চোর তার চৌর্যবৃত্তি ত্যাগ করে দেবে। বেশ্যা হয়তো তার দরুন তার বেশ্যাবৃত্তি ত্যাগ করবে। আর ধনী; সম্ভবতঃ সে উপদেশ গ্রহণ করবে এবং সে তার আল্লাহ প্রদত্ত ধন-সম্পদ আল্লাহর রাহে ব্যয় করবে।

ফুটনোট

(বুখারী ১৪২১, মুসলিম ২৪০৯, শব্দগুলি বুখারীর)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন